

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ৩৭

তারিখ: ২০/০১/২০২০খ্রি:

বিষয়: শিক্ষার্থীদের কাছ থেকে ভর্তি, সেশন ফি ও ফরম পূরণে অতিরিক্ত ফি গ্রহণ না করা এবং নির্দিষ্ট কারিকুলামের বাইরে অতিরিক্ত বই বা নোট বই পড়ানো বাধ্যতামূলক না করা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সমগ্র দেশব্যাপী সরকারি ও বেসরকারি স্কুল এবং কলেজে বিভিন্ন স্তরে শিক্ষার্থী ভর্তি, সেশন ফি ও ফরম পূরণে শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত ফি'র অতিরিক্ত ফি এবং বিভিন্ন খাতে অতিরিক্ত অর্থ আদায় করছেন মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। তাছাড়া কতিপয় শিক্ষা প্রতিষ্ঠানে নির্দিষ্ট কারিকুলামের বাইরে শিক্ষার্থীদেরকে অতিরিক্ত বই বা নোট বই পড়তে/কিনতে বাধ্য করা হচ্ছে। যা বিধি পরিপন্থী ও শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন তাঁর অঞ্চল/জেলা/উপজেলা/থানা'র শিক্ষা প্রতিষ্ঠানে উল্লিখিত বিধি বহির্ভূত কার্যক্রমসমূহ বন্ধের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো। এছাড়া সমন্বিত মনিটরিং পরিকল্পনার আওতায় বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডার অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান সঠিকভাবে মনিটর করা হচ্ছে কি না তা তদারকির জন্যও নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা


১. আঞ্চলিক পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
২. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা)
৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল উপজেলা/থানা)

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ৩৭

তারিখ: ২০/০১/২০২০খ্রি:

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৩। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৫। প্রতিষ্ঠান প্রধান (সকল সরকারি ও বেসরকারি)
- ৬। পিএটু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৭। সংরক্ষণ নথি


২০.০১.২০২০
(প্রফেসর মো: আমির হোসেন)
পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
ফোন: ৯৫৫৫১৩০